সমকাল

তারিখ 27 NOV 2017
পৃষ্ঠা 4 কলাম 5

# মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে

——— শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে। তাদের জন্য সুযোগ তৈরি করতে হবে। জাকাতের অর্থ সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান একটি চমৎকার উদ্যোগ উল্লেখ করে তিনি বলেন, এটা ধর্মীয় দায়িত্ব পালনের পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে কাজে লাগবে। তিনি বলেন, মাদ্রাসার অবকাঠামোগত সমস্যা সমাধানে সরকার প্রায় সাড়ে তিন হাজার নতুন ভবন নির্মাণ করেছে। আরও দুই হাজার ভবন নির্মাণের কাজ চলমান।

গতকাল রোববার সকালে রাজধানীর কাকরাইলে বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে সিজেডএম জিনিয়াস স্কলারশিপ অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সেন্টার ফর জাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) এ অনুষ্ঠানের আয়োজন করে।

সাবেক মন্ত্রী লেফটেন্যান্ট জেনারেল (অব.) এম নূরউদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠানে সিজেডএমের চেয়ারম্যান নিয়াজ রহিম, কোষাধ্যক্ষ ড. মোহাম্মদ আবদুল মজিদ, সিজেডএমের উপদেষ্টা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান আরাস্তু খান এবং প্রধান নির্বাহী ড. মোহাম্মদ আইয়ুব মিয়া প্রমুখ বক্তব্য দেন।

অনুষ্ঠানে ঢাকা অঞ্চলের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের ৪২১ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। সিজেডএম এ বছর সারাদেশের স্নাতক পর্যায়ের মোট দুই হাজার শিক্ষার্থীকে এ কর্মসূচির আওতায় মাসিক বৃত্তি দেবে।